

10.2
10/2/2016

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০০৩.৪০.০৭.০১১.২০১২/৮৫

তারিখঃ ২০ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
০৬ মে, ২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক (১ম শ্রেণি) এবং নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা এর সেক্রেটারী (১ম শ্রেণি) পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচি ও নির্দেশাবলি।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক (১ম শ্রেণি) এবং নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা এর সেক্রেটারী (১ম শ্রেণি) (১৩/১০/২০১৪ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি নং- ১০৫ এবং ১০৬) পদে নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষার স্থান : শেরে বাংলা নগর, সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ১৯/০৫/২০১৬ খ্রিঃ, বৃহস্পতিবার, বেলা ১:৩০ মিনিট থেকে বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত।

২। এই বিজ্ঞপ্তির উল্লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী এবং সাময়িকভাবে যোগ্য ও বাতিল প্রার্থীদের তালিকা কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

- ❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- ❖ চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
যুগ্ম-সচিব।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলিঃ

১। উল্লিখিত দুটি পদে আবেদনপত্র গ্রহণের সময় প্রার্থীদের হাতে হাতে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে ১৬ ও ১৭ মে, ২০১৬ খ্রিঃ তারিখ কমিশন সচিবালয়ের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা এর প্রধান কার্যালয়ে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা এর মধ্যে জিডির কপি ও ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আবেদন সাপেক্ষে ইউনিট-৫ থেকে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। বাতিলকৃত প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে না আসার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না। কোন প্রার্থীর আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

২। উক্ত লিখিত পরীক্ষা লিখোকোড সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে। উত্তরপত্রে লিখোকোড ফরম পূরণ ও পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী বিজ্ঞপ্তি কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এর জন্য ভিন্নভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

ক্রমশ/২

৩। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। বইপুস্তক, ব্যাগ, হাতঘড়ি মোবাইল ফোন বা কোন ইলেকট্রনিক যন্ত্রপাতি সাথে আনা যাবে না।

৪। পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।

৫। ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা করা হয়েছে। প্রবেশপত্রের ছবির সঙ্গে কর্তৃপক্ষের কাছে সংরক্ষিত পরিচিতি প্রতিপাদনের ছবি এবং স্বাক্ষরের মিল না থাকলে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হবে।

৬। পরীক্ষায় নকল বা কোন ধরণের অসদুপায় অবলম্বন বা অসদাচরণের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হবে। নকল বা অন্য কোন অসদুপায় অবলম্বন বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হতে পারে।

❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

❖ চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শেখ শাখাওয়াৎ হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
যুগ্ম-সচিব।

নং- ৮০.১০৫.০০৩.৪০.০৭.০১১.২০১২/৮৫

তারিখঃ ২০ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
০৬ মে, ২০১৬ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

- ১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, ইউনিট- ১/২/৩/৪/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/ পরিচালক [পরীক্ষা (ক্যাডার/ নন-ক্যাডার)]/উপ-সচিব (প্রশা/অর্থ ও সেবা/ বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি সংবাদপত্রে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
- ৭। উপ-পরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর।
- ৮। বিজ্ঞ সদস্য- এর ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৯। নোটিশ বোর্ড/ অভ্যর্থনা শাখা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

মোঃ আবিদুর রহমান
পরিচালক (যুগ্ম-সচিব)।